



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
www.jessoreboard.gov.bd

সংস্থাপন শাখা

নম্বর ৩৭.১১.৮০৮১.২০১.১৮.০০১.২০.৬

তারিখ: ৮ বৈশাখ ১৪২৭

১৭ এপ্রিল ২০২০

বিজ্ঞপ্তি/নোটিশ

**বিষয়:** নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি  
ম্যানেজিং কমিটি গঠন ও নির্বাচন প্রসঙ্গে

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.০১.১৭.১৭০ তারিখ : ২৪-০৩-২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে এ শিক্ষা বোর্ডের আওতাধীন নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক স্তরের সকল  
বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/সংশ্লিষ্ট প্রিজাইডিং অফিসার/রিটার্নিং অফিসারগণকে জানানো যাচ্ছে যে, সুত্রে স্মারকে  
কোভিড-১৯ সংক্রমণ রোধে সকল ধরনের শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করায় এবং একইসাথে সমাবেশ ও জমায়েত নিষিদ্ধ করায়  
এ বোর্ডের আওতাধীন যে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানে গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি নির্বাচন কার্যক্রম চলমান, অর্থাৎ ভোটার তালিকা  
প্রকাশ, প্রিজাইডিং অফিসার নিয়োগ, তফশীল ঘোষণা প্রভৃতি প্রাক নির্বাচনী কাজ আংশিক বা সম্পূর্ণ সম্পন্ন হয়েছে, কেবলমাত্র  
নির্বাচন সম্পন্ন হয়নি, তা অর্থাৎ নির্বাচনী প্রস্তুতিকাজ ও নির্বাচন পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত স্থগিত করা হলো। তবে ইতোমধ্যে  
নির্বাচন সম্পন্ন হলে বা একাধিক প্রার্থী না থাকার কারণ একক প্রার্থী হিসেবে বিধি মোতাবেক সকল পদের ফলাফল চূড়ান্ত হলে তা  
অনুমোদনের জন্য যথাবিধি বোর্ডের ওয়েবসাইটে দাখিল করতে হবে। তবে কোনো প্রতিষ্ঠানের কমিটির মেয়াদ নির্বাচন  
বিহীন শেষ হলে এডহক কমিটি/পুনঃএডহক কমিটি গঠনের প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। অন্যথায় কমিটির মেয়াদ শেষ হবার সাথে  
সাথে উক্ত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদে বেতন-ভাতা প্রদানের জন্য স্থানীয় প্রশাসনের উপর দায়িত্ব প্রদান করা হবে।

"The intermediate and secondary education board ordinance 1961 এর  
section II"-এ প্রদত্ত ক্ষমতাবলে এই বিজ্ঞপ্তি জারি করা হলো।

১৭-৪-২০২০

ড. মোল্লা আমীর হোসেন

চেয়ারম্যান